৯.১২.২ উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভাসহ অন্যান্য আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক সভায় উপবৃত্তি প্রদান কার্যক্রম ও এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করবেন এবং এ-সংক্রান্ত বিষয়ে উদ্ভূত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.১২.৩ উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং শিক্ষাপ্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকগণের উপবৃত্তি-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি তদারকি করবেন।

**৯.১৩ জেলা প্রশাসক**

৯.১৩.১ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কমিটির সভাপতি হিসেবে উপবৃত্তি প্রদান প্রকল্পের কার্যক্রম ও তার গুরুত্বের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন।

৯.১৩.২ মাসিক সমন্বয় সভায় উপবৃত্তি প্রকল্পের গুরুত্ব ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা করবেন এবং এ সম্পর্কে উদ্ভূত সমস্যা সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৯.১৩.৩ উপবৃত্তি প্রকল্পের সার্বিক বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন এবং এ ক্ষেত্রে যে কোনো ধরনের অনিয়মের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.১৩.৪ প্রকল্পভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনকালে উপবৃত্তি-সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ করবেন এবং সংশ্লিষ্টদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ প্রদান করবেন।

**৯.১৪ প্রকল্প দপ্তর**

৯.১৪.১ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন ও সভা অনুষ্ঠানসহ প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থাপনিক কর্মকাণ্ড পরিচালনা করবে।

৯.১৪.২ প্রকল্প-সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়নে এবং যে কোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা প্রদান করবে।

৯.১৪.৩ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য সংশ্লিষ্ট সকল অংশীজনের (স্টেকহোল্ডার) সাথে প্রয়োজনীয় সমন্বয়-সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে।

**৯.১৫ সতর্কতা/সাবধানতা**

৯.১৫.১ প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে বিধায় প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।

৯.১৫.২ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব পালনে সৎ, একনিষ্ঠ ও আন্তরিক হতে হবে। এ ক্ষেত্রে যে কোনো ধরনের কর্তব্যে অবহেলা ও অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় মামলাসহ আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৯.১৫.৪ এ পরিপত্রটি ১ জুলাই ২০১৭ হতে কার্যকর হবে এবং বিদ্যমান পরিপত্রটি (২০ এপ্রিল ২০১৬ তারিখে জারিকৃত) বাতিল বলে গণ্য হবে।**

স্বাক্ষরিত/-
২০/০২/২০১৮

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।